

সরকারি কার্যক্রম **দ্রুততর** করার বিষয়ে ভোট দিন

সরকারি কার্যদক্ষতা কমিশন (Commission on Government Efficiency, COGE), নিউ ইয়র্কবাসীদের জন্য সরকারের কার্যক্রম আরও দক্ষভাবে পরিচালনার লক্ষ্যে পাঁচটি ব্যালট প্রস্তাবনা প্রকাশ করেছে

প্রশ্ন 1 ক্ষুদ্র ব্যবসাগুলোর সময় ও অর্থ সাশ্রয় করার লক্ষ্যে বাইরে বসে খাবার খাওয়ার ব্যবস্থা চালু করা এবং হুইলচেয়ার চলাচলের উপযোগী রাস্তা তৈরির কাজ সহজ করা হবে।

- আট মাসের বাইরে বসে খাবার খাওয়ার ব্যবস্থার আবেদন প্রক্রিয়া 75% কমানো হবে (দুই মাসে নামিয়ে আনা হবে)
- ক্ষুদ্র ব্যবসায়ীদের আবেদন খরচ বাবদ সর্বাধিক \$1,800 এবং কর্মীদের কর্মঘণ্টা বাবদ হাজার হাজার ডলার সাশ্রয় করা হবে
- হুইলচেয়ার চলাচলের উপযোগী রাস্তা ও লিফট তৈরির কাজ দুই মাস এগিয়ে আনার মাধ্যমে দ্রুততর করা হবে

প্রশ্ন 2 ক্ষুদ্র ব্যবসা ও অলাভজনক প্রতিষ্ঠানগুলো যাতে আরও দ্রুত সেবা দিতে পারে সে লক্ষ্যে সিটি কর্তৃপক্ষের চুক্তি প্রক্রিয়া দ্রুততর করা হবে।

- সরকারের সাথে চুক্তিভিত্তিক কাজ করা ক্ষুদ্র ব্যবসায়ী ও অলাভজনক প্রতিষ্ঠানগুলোর ওপর থেকে অতিরিক্ত চাপ কমানো হবে।
- ক্ষুদ্র ব্যবসায়ী ও অলাভজনক প্রতিষ্ঠানের মতো শহরের ঠিকাদারদের জন্য চুক্তির প্রক্রিয়া 30 দিন পর্যন্ত কমিয়ে আনা হবে।

প্রশ্ন 3 সড়ক নিরাপত্তা সংক্রান্ত প্রকল্পগুলোর কাজ দ্রুত এগিয়ে নেওয়া এবং অব্যবহৃত জমি ও ভবনের ওপরের অংশে অতিরিক্ত নির্মাণ অধিকার (air rights) বিক্রির মাধ্যমে রাজস্ব আয় করা হবে।

- বাইক লেনসহ রাস্তার নিরাপত্তা প্রকল্পগুলোর কাজ কমপক্ষে 33% দ্রুততর করা হবে।
- ছোট অতিরিক্ত জমি ও সিটি কর্তৃপক্ষের মালিকানাধীন উল্লেখযোগ্য স্থাপনাগুলোর ওপর অতিরিক্ত নির্মাণ অধিকার বিক্রির মাধ্যমে শহরের জন্য \$200 মিলিয়নের বেশি রাজস্ব আয়ের সুযোগ সৃষ্টি করা হবে।

প্রশ্ন 4 আবাসনের কাজ দ্রুততর করতে নির্মাণ সংক্রান্ত অনুমতির প্রক্রিয়া সহজ করা হবে।

- 18টি আলাদা অফিস ও এজেন্সির কাছ থেকে 40টি অনুমোদন এক জায়গায় নিয়ে আসা হবে, ফলে নির্মাণকারীদের সময় বাঁচবে ও হতাশা কমবে।

প্রশ্ন 5 আর্থিক স্থিতিশীলতা জোরদার করতে সিটি কর্তৃপক্ষের দুর্দিনের জন্য জরুরি সঞ্চয়ের একটি লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হবে।

- দীর্ঘমেয়াদী আর্থিক স্থিতিশীলতা নিশ্চিত করার লক্ষ্যে মোট কর রাজস্বের 12% সঞ্চয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হবে।

আরো জানতে nyc.gov/fast দেখুন

